

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - পাণ্ডুলিপি, প্রামাণ্যতা ও অভ্রান্ততা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ২. ১৪. ২. ৭. যীশু ও প্রেরিতগণের সাক্ষেয় নতুন নিয়ম ধর্মগ্রন্থ নয়

যীশু ও প্রেরিতগণের সাক্ষ্মকে সঠিক বলে গ্রহণ করলে নতুন নিয়ম ধর্মগ্রন্থ নয় বলে প্রমাণ হয়। কারণ তাঁরা একমাত্র পুরাতন নিয়মকেই 'ধর্মগ্রন্থ' বলে গণ্য করেছেন। এগুলোর পরে আর কোনো ধর্মগ্রন্থের প্রয়োজনীয়তা আছে বলে তাঁরা কোনোভাবেই বলেননি। যীশু নিজে এবং তাঁর শিষ্যরা পুরাতন নিয়মের পুস্তকগুলোর ব্যাখ্যা ও সংক্ষারমূলক কথা বলেছেন। পূর্বের অনেক নবী ও সংক্ষারক এরূপ কথা বলেছেন, যেগুলো 'তালমূদ', ধর্মপুরুষদের মৌখিক নীতিমালা, ঐতিহ্য (tradition: ইসলামি পরিভাষায় 'হাদীস') হিসেবে ইহুদিদের নিকট সংরক্ষিত। এগুলো ধর্মগ্রন্থের অন্তর্ভুক্ত নয়। যীশু ও প্রেরিতদের বক্তব্য থেকে সুস্পষ্ট যে, তাঁরা এ জাতীয় কথা বলেছেন। তাঁদের কথাকে পৃথক ধর্মগ্রন্থ হিসেবে সংকলন করার কথা তাঁরা কখনো বলেননি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13936

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন